




বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

ISO 9001 : 2015



প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
'বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে'
স্থাপিত - ১৯৮৪

সরকারিভাবে জর্ডানে গার্মেন্টস এ দক্ষ মহিলা ও পুরুষ কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার।

বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.১৩.০০১.২৩/১১৫৮

তারিখ: ০২.০৯.২০২৪

বোয়েসেল-এর মাধ্যমে জর্ডানের Epic Designers LTD. Co.-এর অধীনে নিম্নবর্ণিত পদে দক্ষ মহিলা ও পুরুষ কর্মী নিয়োগ করা হবে:

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা		মাসিক মূল বেতন	আবেদনের লিংক
		মহিলা	পুরুষ		
০১.	মেশিন অপারেটর শার্টস	২০ জন	-----	১৮৪ ডলার	অনলাইন আবেদনের লিংক: https://brms.boesl.gov.bd/ (পুরুষ কর্মীদের অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০ টাকা ও চার্জ পরিশোধ করে আবেদন করতে হবে এবং মহিলা কর্মীদের ইন্টারভিউতে নির্বাচনের প্রেক্ষিতে আবেদন ফি বাবদ ১০০ টাকা ও চার্জ পরিশোধ করতে হবে)
০২.	মেশিন অপারেটর (প্যান্ট), অটোলুপ জয়েন্ট(ভিডিও আবশ্যিক)	০৫ জন	-----	১৮৪ ডলার	
০৩.	মেশিন অপারেটর (প্যান্ট), ওয়াইস্টব্যান্ড, কানসাই(ভিডিও আবশ্যিক)	১০ জন	১০ জন	১৮৪ ডলার	
০৪.	মেশিন অপারেটর (শার্টস/প্যান্ট), এফওএ ফোল্ডার(ভিডিও আবশ্যিক)	০৫ জন	১০ জন	১৮৪ ডলার	
০৫.	মেশিন অপারেটর (শার্টস/প্যান্ট), কলার ক্রোজ(ভিডিও আবশ্যিক)	১০ জন	-----	১৮৪ ডলার	
০৬.	কোয়ালিটি চেকার (ভিডিও আবশ্যিক)	১০ জন	-----	১৮৪ ডলার	
০৭.	প্যাকিং ম্যান (ভিডিও আবশ্যিক)	০৪ জন	-----	১৮৪ ডলার	

প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং বয়স ২০-৩৬ বছরের মধ্যে হতে হবে।

চাকরির শর্তাবলি:

- (১) দৈনিক ০৮ (আট) ঘন্টা ডিউটি, সপ্তাহে ০৬ (ছয়) দিন এবং ওভারটাইম (স্বেচ্ছাধীন)।
- (২) চাকরির চুক্তি ০৩ (তিন) বছর (নবায়নযোগ্য)।
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং যাতায়াত ব্যবস্থা করা হবে।
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- (৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত বলিয়া গণ্য হবেন।
- (৬) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:

নির্বাচিত কর্মীদের বোয়েসেল-এর সার্ভিস চার্জ, বহিঃগমন ট্যাক্স, ১৫% ভ্যাট, বোয়েসেল-এর রেজিস্ট্রেশন ফি, স্মার্টকার্ড ফি, ওয়েজ আর্নান্স কল্যাণ ফি এবং মেডিকেল টেস্ট ফি বাবদ সমুদয় খরচ জর্ডানের নিয়োগকারী প্রতিষ্ঠান বহন করবে। তবে পিডিও প্রশিক্ষণ ফি ৩০৫ টাকা ও ফিঞ্জার প্রিন্ট ফি ২০০ টাকা নির্বাচিত কর্মীদের বহন করতে হবে।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে:

- (১) ০৪ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা), (২) মূল পাসপোর্ট, একাধিক পাসপোর্ট থাকলে অবশ্যই পাসপোর্ট সঙ্গে নিয়ে আসতে হবে ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০৫ (পাঁচ) সেট রঙিন ফটোকপি, (৩) বর্তমানে কর্মরত অফিসের পরিচয়পত্র/হাজিরা কার্ড (যদি থাকে), (৪) শিক্ষাগত/অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এবং (৫) ভোটার আইডি/কপিসহ উল্লিখিত কাগজপত্র সাথে নিয়ে আগ্রহী প্রার্থীদের আগামী ০৬.০৯.২০২৪ তারিখ, রোজ শূক্রবার, সকাল ০৮:০০ ঘটিকার মধ্যে সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর-১, ঢাকা-১২১৬, এ উপস্থিত থাকার অনুরোধ করা হলো। এ সংক্রান্ত কোন তথ্যের জন্য ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫ ও ০২-৫৮৩১১৮৩৮ টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে। এছাড়াও প্রবাসবন্ধু কল সেন্টার ১৬১৩৫ তে যোগাযোগ করা যেতে পারে।

বি.দ্র.: অনলাইনে আবেদন আপনাকে ইন্টারভিউতে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দিবে, তবে চাকরির নিশ্চয়তা বহন করবে না। চাকরির জন্য আপনাকে অবশ্যই ট্রেড-টেস্ট/যোগ্যতা প্রমাণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

বিএমইটি পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষিত সনদধারীদের অগ্রাধিকার দেয়া হবে।

(চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-কে কোন ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়)

০২.০৯.২৪

মীর মোঃ সোহেল

ব্যবস্থাপক

অফিস ঠিকানা: বৈদেশিক নিয়োগ-০১)

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা), ঢাকা।

৭১-৭২ ইফটন গার্ডেন

রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮ ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫, ০২-৫৮৩১১৮৩৮

মোবাইল : ০১৭৬৫৪১১৬৫৩

ইমেইল : info@boesl.gov.bd

ওয়েব : www.boesl.gov.bd

০২.০৯.২৪

জেমসিন রোশমানা

সহকারী মহাব্যবস্থাপক

বোয়েসেল, ঢাকা।